অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গৃহহীনতা মোকাবেলায় কর্ম পরিকল্পনা গঠনে 158 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রাপ্যতার ঘোষণা দিয়েছেন

গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচী স্থায়ী সহায়ক আবাসন প্রকল্পের জন্য 128 মিলিয়ন মার্কিন ডলার মূলধন তহবিল প্রদান করবে; জরুরি আশ্রয়কেন্দ্র মেরামত

গভর্নরের এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে অপারেটিং অ্যান্ড সার্ভিস ফান্ডিং-এ 30 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্য জুড়ে গৃহহীন আবাসন নির্মাণ এবং সহায়ক কর্মসূচীর জন্য দুটি প্রস্তাবনা প্রকাশের ঘোষণা দিয়েছেন। সম্মিলিতভাবে, গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচী এবং এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে 158 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করেছে এমন প্রকল্পের জন্য যা গৃহহীনতার সম্মুখীন নিউ ইয়র্কবাসীদের আবাসন প্রদান করবে এবং আবাসন অস্থিতিশীলতার মূল কারণগুলো মোকাবেলা করার লক্ষ্যে সহায়ক সেবা প্রদান করবে। এই তহবিল গভর্নরের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের, পাঁচ বছরের আবাসন পরিকল্পনার কাজ অব্যাহত রেখেছে, যা 100,000 ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণ করছে এবং রাজ্য জুড়ে 6,600-এর ও বেশি সহায়ক হাউজিং ইউনিটের উন্নয়নকে উৎসাহিত করেছে।

"যারা গৃহহীনতার মুখোমুখি, তাদের অনেকের জন্য আবাসনের নিরাপত্তাহীনতা একটি বৃহত্তর অন্তর্নিহিত সমস্যার একটি লক্ষণ মাত্র," **গভর্নর কুওমো বলেছেন।** "যেসব প্রকল্প গৃহহীনদের আশ্রয় এবং সমর্থন উভয় চাহিদা পূরণ করে, সেগুলি সকল নিউ ইয়র্কবাসীদের থাকার জন্য একটি নিরাপদ, স্থিতিশীল জায়গা থাকা নিশ্চিত করার আমাদের প্রচেষ্টার অগ্রদূত। এই প্রকল্পগুলো আমাদের সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে এবং নিশ্চিত করে যে আমাদের মধ্যে সবচেয়ে অসুরক্ষিতদের রাস্তায় ফেলে রাখা হবে না।"

নিউ ইয়র্ক স্টেটের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচী (Homeless Housing and Assistance Program, HHAP) সহায়ক হাউজিং ইউনিট নির্মাণ বা জরুরি আশ্রয় কেন্দ্র মেরামতের প্রস্তাব করা প্রকল্পের জন্য 128 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত মূলধন তহবিল প্রদান করছে- যা আগের বছরের বরাদ্দের দ্বিগুণ। উপরন্তু, এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State

Supportive Housing Initiative, ESSHI) চলমান সেবা এবং গৃহহীন ব্যক্তি বিশেষ চাহিদা সম্পন্ন, বিশেষ রোগাক্রান্ত বা জীবনযাপনের অন্যান্য চ্যালেঞ্জের মুখোমুখি ব্যক্তিদের জন্য সহায়ক আবাসন পরিচালনার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রস্তাব গ্রহণ করছে।

পাঁচ বছরব্যাপী, 20 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার প্রতি তার অঙ্গীকারের উপর নির্মিত, গভর্নর কুওমোর 2021 সালের রাষ্ট্রীয় বাজেট গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচীর জন্য উপলভ্য তহবিল 64 মিলিয়ন মার্কিন ডলার থেকে বাড়িয়ে 128 মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করেছে। এই তহবিলের মধ্যে রয়েছে গৃহহীন প্রবীণদের জন্য সহায়ক আবাসনের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ; এইডস আক্রান্ত ব্যক্তিদের জন্য সহায়ক আবাসনের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ; এবং জরুরি আশ্রয়কেন্দ্রে প্রয়োজনীয় মেরামতের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ।

গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচি মুনাফাবিহীন সংস্থাসমূহ, দাতব্য এবং ধর্মীয় সংগঠন এবং পৌরসভাগুলিকে বিশেষ সাহায্য ব্যতীত নিজের উপযুক্ত আবাসন ব্যবস্থা করতে অক্ষম ব্যক্তিবর্গের জন্য আবাসন জোগাড়, নির্মাণ বা পুনর্বাসন করতে নগদ এবং ঋণ প্রদান করে। তহবিলগুলো নিউ ইয়র্ক প্রদেশ গৃহহীন আবাসন ও সেবা সংস্থা (New York State Homeless Housing and Assistance Corporation), যা স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA) পরিচালিত একটি জনহিতকর সংস্থা এর একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়া দ্বারা প্রদান করা হয়েছে।

এই প্রকল্পের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সহায়ক আবাসন উন্নয়নে 1.2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি নিযুক্ত করেছে। সব মিলিয়ে, এই কর্মসূচী গৃহহীন ব্যক্তি এবং পরিবারের সমর্থনে 22,000 ইউনিটেরও বেশি আবাসন তৈরি করেছে।

OTDA কমিশনার মাইক হেইন বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের স্টেটব্যাপী সহায়ক আবাসন বৃদ্ধির অপ্রতিদ্বন্দ্বী প্রতিশ্রুতি সমগ্র নিউ ইয়র্কবাসীদের বসবাসের জন্য একটি নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রাপ্যতা নিশ্চিত করার জন্য একটি সাধারণ বিচার-বুদ্ধি ভিত্তিক পদক্ষেপ। এই অভূতপূর্ব বৃদ্ধির মাধ্যমে আমাদের উপলভ্য তহবিল দিগুণের বেশি করার ফলে রাজ্য জুড়ে গৃহহীনতা কমাতে এবং আবাসন অস্থিতিশীলতার সাথে জড়িত সম্প্রদায়ের অর্থবহ পরিবর্তনকে প্রভাবিত করতে আমরা গভর্নর কুওমোর দূরদৃষ্টিসম্পন্ন পরিকল্পনাকে আরও বেশি সমর্থন করতে পারি।"

2016 সালে প্রতিষ্ঠিত এবং রাষ্ট্রীয় মানসিক স্বাস্থ্য দপ্তর (Office of Mental Health, OMH) দ্বারা পরিচালিত, এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ একটি পাঁচ বছরের প্রকল্প যা ঝুঁকিপূর্ণ জনসংখ্যার জন্য কমপক্ষে 6,000 ইউনিট স্থায়ী সহায়ক আবাসন নির্মাণ এবং সহায়ক খরচ প্রদান করার জন্য তৈরি করা হয়েছে। এই উদ্যোগের উদ্দেশ্য হচ্ছে একাধিক রাষ্ট্রীয় সংস্থার সম্পদ আরো ভালোভাবে সমন্বয় করা, যার ফলে আরো গতিশীল প্রকল্প উন্নয়ন এবং দ্রুত বাস্তবায়ন করা সম্ভব।

আজ পর্যন্ত, এই উদ্যোগ সহায়ক আবাসনের 4,600টি ইউনিটের জন্য সেবা এবং অপারেটিং তহবিল প্রদান করেছে। এই বছরে বরাদ্দকৃত তহবিল রাজ্যব্যাপী অতিরিক্ত 1,200টি ইউনিট তৈরি করতে সাহায্য করবে।

OMH এর কমিশনার ড. অ্যান সুলিভান বলেন, "স্থিতিশীল আবাসন যারা মানসিক অসুস্থ ব্যক্তি, যারা গৃহহী নহওয়ার ঝুঁকিতে থাকে, তাদেরকে তাদের চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় সমর্থন প্রদান করে। গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ হাজার হাজার অসহায় নিউ ইয়র্কবাসীদের জন্য পুনরুদ্ধারের নতুন আশা নিয়ে এসেছে, যারা তাদের জীবনে অস্থিরতা এবং অনিশ্চয়তার সম্মুখীন হয়েছে।"

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "158 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ গৃহহীনতার সর্বোচ্চ ঝুঁকি সম্পন্ন নিউ ইয়র্কবাসীদের জন্য গুরুতর সেবা বৃদ্ধি করবে এবং গভর্নর কুওমোর আগ্রাসী 20 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের 5 বছর মেয়াদী আবাসন পরিকল্পনা যা নিউ ইয়র্কবাসীদের জন্য 6,000 ইউনিট সহায়ক আবাসন তৈরি করবে তা সম্প্রসারণ করবে। একটি বৈশ্বিক মহামারীর সময়, সুরক্ষার চেয়ে বড় কোন প্রয়োজনতা নেই যা শুধুমাত্র একটি নিরাপদ, সুরক্ষিত এবং সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করতে পারে। বর্তমান সংকট মোকাবেলা এবং গৃহহীনতার বিরুদ্ধে আমাদের লড়াই অব্যাহত রাখার জন্য আমাদের অঙ্গীকারে আমদের নিশ্চিত করতে হবে যে মানুষকে উন্নত মানের আবাসন খুঁজে পেতে এবং সেখানে থাকতে সাহায্য করার জন্য সম্পদ উপলভ্য আছে।"

অফিস অফ অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্টেন্স অ্যাবিউজ সার্ভিসেস (Office of Alcoholism and Substance Abuse Services)-এর কমিশনার আর্লিন গঞ্জালেস-সানচেজ বলেন, "গভর্নরের এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ আমাদের সেবা করা জনগণের জন্য একটি সত্যিকারের আশীর্বাদ। প্রস্তাবের জন্য এই নতুন রাউন্ডের অনুরোধ আমাদের সরবরাহকারীদের মাদক অপব্যবহার ডিজঅর্ডারের মোকাবেলা করছেন এমন গৃহহীন ব্যক্তিদের জন্য নিরাপদ, স্থায়ী সহায়ক আবাসন তৈরির সাহায্যের জন্য আবেদন করার সুযোগ করে দেবে।"

OCFS এর কমিশনার শিলা জে. পুল বলেল, "প্রতিটি নিউ ইয়র্কবাসীর জন্য স্থিতিশীল আবাসন অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু বিশেষ করে সেইসব ব্যক্তির জন্য যারা তাদের সন্তান বা তরুণদের গার্হস্থ্য হিংসার পরিস্থিতি থেকে পালিয়ে যাচ্ছেন, কিন্তু তাদের কোন নিরাপদ আশ্রয়স্থল নেই। এই ধরনের সহায়ক আবাসন প্রকল্প আবাসন স্থিতিশীলতা প্রদান করে - একটি ভিত্তি যার উপর নিউ ইয়র্কবাসীরা স্বাধীন, কর্মক্ষম এবং অবদান রাখা নাগরিক হিসেবে তাদের জীবন পুনর্গঠন করতে পারে।"

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিসের (Office for People With Developmental Disabilities) কমিশনার ডঃ থিওডর ক্যাস্টনার বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে এই ধরনের কর্মসূচী বিকাশ প্রতিবন্ধকতা সম্পন্ন নিউ ইয়র্কবাসীদের তাদের সম্প্রদায়ের অংশগ্রহণকারী সদস্য হওয়ার জন্য ক্ষমতায়ন করতে আমাদের প্রচেষ্টাকে সক্ষম করে। সাশ্রয়ী,

সহায়ক আবাসন হচ্ছে সমন্বিত, সম্প্রদায়ের বসবাসের ভিত্তি এবং আমরা যাদেরকে সমর্থন করি তাদের সুখী, পরিপূর্ণ জীবন নিশ্চিত করতে সাহায্য করে।"

প্রস্তাবের জন্য গৃহহীন আবাসন ও সেবা প্রকল্পের প্রস্তাবনার অনুরোধ এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ প্রস্তাবের জন্য অনুরোধ এখানে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন